



১ বর্ষ, ১৫শ সংখ্যা ]     ১১ই এপ্রিল, শুক্রবার ১৯৩০ ২৮শে চৈত্র, ১৩৩৬     [ এক আনা


# ভারতে রেডিও

থাকিবে—তাহা হইলে ফিলিপ্‌স্‌ও থাকিবে। তাহারাই সারা জগতের বেতার-বার্ত্তা আপনার গৃহদ্বারে বহন করিয়া লইয়া আসিবে।

ভারতবর্ষ সারা জগতের সঙ্গে সমান তালে চলিবে। রেডিও রহিয়া গেল সুতরাং ফিলিপস্‌ও রেডিও সংক্রান্ত সর্ব্বোত্তম মালপত্র সরবরাহ করিবে। বেতারবার্ত্তা আরম্ভ হইতেই ফিলিপস্ অগ্রগামী হইয়াছে। ভবিষ্যতে যে স্ক্রিন্ গ্রিড রেডিও চলিবে একথা প্রথমে ফিলিপস্‌ই বুঝিতে পারিয়াছিল। আজ ফিলিপসের ২৮০২ নং এবং শর্ট ওয়েভ রিসিভারের দ্বারা স্ক্রিন্ গ্রিড রেডিওর চরম উৎকর্ষ হইয়াছে। ইলেক্‌ট্রিক বাতি জ্বালিবার জন্য যেমন সুইচ টিপিতে হয় তেমনই ইহার সুইচ টিপিতে হয়। ইহা ল্যাম্প, বা পাওয়ার সকেটের মধ্যে এ. সি বা ডি. সি ইলেক্‌ট্রিক মেনে প্লাগের সাহায্যে চলিতে পারে। যে সকল দেশে ইলেক্‌ট্রিকের ব্যবস্থা নাই সেখানে ব্যাটারীর সাহায্যে প্রোগ্রাম উপভোগ করা যাইবে। শুধু স্থানীয় বেতার বার্ত্তা নহে ইংলণ্ড, ইউরোপের নানাদেশ, আমেরিকা ও অষ্ট্রেলিয়া প্রভৃতি দূর দেশেরও বেতার অনুষ্ঠান উপভোগ করা চলিবে।

রেডিওর সাহায্যে কত সহজ উপায়ে কতখানি আনন্দ উপভোগ করিতে পারা যায় তাহা বুঝিতে পারিতেছেন কি? ফিলিপসের ২৮০২ কয়েকদিনের জন্য ফ্রি ট্রায়ালে বাটীতে আনিয়া দেখুন। ইহা আপনার নিকট একটী সম্পূর্ণ নূতন জগত উন্মুক্ত করিবে। ফিলিপসের স্ক্রিন্ গ্রিডই চান। আপনি যেখান হইতে রেডিও সেট কিনিবেন তাঁহারা আগে আপনার বাড়ীতে বিনামূল্যে শুনাইবার ব্যবস্থা করিবেন।

PHILIPS RADIO

# PHILIPS 2802

## "সকলই বাতাসের উপর নির্ভর করে"

বিনামূল্যে ব্যবহার প্রণালী জানিতে হইলে কিম্বা বিশেষ বিবরণ এবং এই সংক্রান্ত পুস্তকাবলী পাইতে হইলে আপনার রেডিও ব্যবসায়ীর নিকট আবেদন করুন, অথবা

ক্ষমতাপ্রাপ্ত ফিলিপ্‌স্ রেডিও সরবরাহক :—

দি রসা ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস্, লিমিটেড।

PHILIPS ELECTRICAL Co. (INDIA) LIMITED.

TO LET

# আমাদের কথা

১লা এপ্রিল থেকে বেতারের প্রতিষ্ঠানটী পূরোপূরি ভাবে গবর্ণ্মেণ্টের হাতে এল। এর নতুন নামকরণ করা হয়েছে—ইণ্ডিয়ান ষ্টেট্ ব্রড্‌কাষ্টিং সার্ভিস ( Indian State Broadcasting Service )। পত্র প্রেরকগণ ভবিষ্যতে উক্ত নাম ব্যবহার করবেন।

—

এবারে পূরো এক পক্ষের অনুষ্ঠান-পত্র করা হয়েছে। আগামী ১৮ই এপ্রিল গুড্ ফ্রাইডে উপলক্ষে আমাদের প্রাতঃকালীন কোনো অনুষ্ঠান হবে না। সেদিন বিকেল সাড়ে পাঁচটা থেকে বেতারের কার্য্য আরম্ভ হবে।

—

এবারে আমরা দু-দিন বক্তৃতার আয়োজন করেছি। আগামী ১৯শে এপ্রিল তারিখে পণ্ডিত চিন্তামণি মশায় বক্তৃতা করবেন। দক্ষিণ আফ্রিকায় কিছুদিন আগে একটি অতি পুরাতন কালের মন্দির আবিস্কৃত হয়েছে। পণ্ডিতদের মধ্যে এই মন্দিরটী নিয়ে খুব আলোচনা সুরু হয়েছে। অনেকে বলেন যে, ঐ মন্দিরটীর সঙ্গে ভারতবর্ষের সম্পর্ক নাকি অত্যন্ত ঘনিষ্ঠ। ভারতবর্ষের পুরাতন সভ্যতার সঙ্গে ঐ মন্দিরটীর কি সম্পর্ক সেই সম্বন্ধেই পণ্ডিত মশায় আলোচনা করবেন।

—

আগামী ২০শে এপ্রিল রবিবার সন্ধ্যার সময় শ্রীযুক্ত প্রেমাঙ্কুর আতর্থী অজন্তা ভ্রমণ সম্বন্ধে কিছু বলবেন। একদিন ছিল যখন অজন্তার নাম করলে অনেকেই কিছু বুঝতে পারতেন না কিন্তু এখন প্রায় সকলেই অজন্তার নাম জানেন এবং অনেকেই অজন্তা গুহা চাক্ষুষও করেছেন। ভবিষ্যতে যাঁরা অজন্তায় যেতে চান প্রেমাঙ্কুর বাবুর এই কাহিনী শুনলে তাঁদের অনেক সুবিধা হোতে পারে।

—

এবারে তিন-দিন অভিনয়ের ব্যবস্থা করা হয়েছে। ১১ই এপ্রিল তারিখে মিঃ বসুর সন্দিগ্ধা নাটক এবং আগামী ১৪ই এপ্রিল শ্রীযুক্ত নিত্যগোপাল মুখোপাধ্যায়ের 'হালখাতা' নামে একটি প্রহসন অভিনীত হবে। ২১শে এপ্রিল সন্ধ্যা-বেলায় শ্রীযুক্ত অসমঞ্জ মুখোপাধ্যায়ের 'জমাখরচ' প্রহসনটীর পুনরভিনয় হবে। অভিনয়ে কে-কিসের ভূমিকা গ্রহণ করবেন তা অন্যত্র দেওয়া হোলো। অভিনয়গুলি ছাড়া আগামী ২৩শে এপ্রিল তারিখে বেতার নাটুকে দলের অভিনেতৃবৃন্দ কয়েকটী নাটকের অংশ-বিশেষ অভিনয় করবেন।

—

অভিনয় ছাড়া কয়েকদিন কথকতা এবং একদিন পালা-গানের ব্যবস্থা করা হয়েছে। পালা-গান গাইবেন শ্রীযুক্ত গোপালচন্দ্র মিত্র। শ্রোতৃবর্গ ইতিপূর্ব্বে তাঁর শ্রীকৃষ্ণের 'নৌবিহারের পালা শুনেছেন।

—

এবারকার অনুষ্ঠানে চারদিন ছোটদের বৈঠক বসবে। ছোটদের বৈঠকের প্রথমদিনে কুমারী অন্নপূর্ণা গোস্বামী ও কুমারী রেণুকা মিত্র এবং তৃতীয় দিনে কুমারী গীতারাণী মিত্র ও কুমারী তিলোত্তমা সরকার গান করবেন। আশা করি তাঁদের গান বৈঠকের সকলের ভাল লাগ্‌বে। আমাদের ছোট বন্ধুদের মধ্যে যদি কেউ তাঁদের বৈঠকে গান কিংবা আবৃত্তি করতে অথবা বাজনা বাজাতে চান তা হোলে তাঁদের গল্পদাদার সঙ্গে চিঠি লিখে তার ব্যবস্থা করবেন।

—

আমাদের শ্রোতৃবর্গের মধ্যে অনেকেই ইউরোপীয় প্রোগ্রামও শুনে থাকেন। এবারে ইউরোপীয় প্রোগ্রামের দুটি বিশেষ অনুষ্ঠানের প্রতি তাঁদের মনোযোগ আকর্ষণ করছি। আগামী ১৪ই এপ্রিল সোমবার রাত্রি দশটার সময় ঘোষণা-মন্দিরে মহাকবি সেক্‌সপীয়ারের 'মার্চ্চেণ্ট অফ্

ভি'নিস' নাটকের বিচার দৃশ্যের অভিনয় হবে। এই দৃশ্যে কে কিসের ভূমিকা গ্রহণ করবেন তা অন্যত্র দেওয়া হোলো।

—

আগামী ১৮ই এপ্রিল তারিখে গুড্ ফ্রাইডের দিন প্রতি গির্জ্জাতেই বিশেষ অধিবেশন হবে। সেদিনকার অনুষ্ঠান সেণ্ট জনের গির্জ্জা থেকে রিলে হবে। গুড ফ্রাইডে উপলক্ষ্যে গির্জ্জার কর্ত্তৃপক্ষ সমস্বর কণ্ঠ-সঙ্গীতের ( Chorus ) বিশেষ ব্যবস্থা করেছেন। এই কোরাসে পঞ্চাশজন যোগ দেবেন।

—

আমাদের ঘোষণা মন্দিরে দু-জন লোকের গানের মধ্যে কখনো-কখনো একটু সময় নেওয়া হোয়ে থাকে। এরূপ ক্ষেত্রে বলা হয়—একটু পরে—অমুক ব্যক্তি গাইবেন। এই 'একটু পরে'র ওপর আমরা কয়েকখানি মন্তব্যপূর্ণ পত্র পেয়েছি। এঁদের জ্ঞাতার্থে নিবেদন এই যে, গাইয়ে-বাজিয়েদের মেজাজ ঠিক করা ও যন্ত্রপাতি সুরে বাঁধা এবং নানা প্রকার অভাবনীয় কারণে মধ্যে মধ্যে এই রকম সময় নেওয়া অনিবার্য্য হয়ে পড়ে। এই রকম রসভঙ্গ হওয়ায় শ্রোতৃবর্গের আনন্দের হয়ত সামান্য ব্যাঘাত হয় কিন্তু এর প্রতিকারের উপায় আমাদের হাতে নেই। এ কথা নিয়ে ইতিপূর্ব্বে আমরা বেতার জগতে বিশদভাবে আলোচনা করেছি, অধিক বলা বাহুল্য।

—


## ব্যাটারীর প্রয়োজন নাই!

আপনার বাড়ীর মেন কারেণ্টের ( ২২০ ভোল্ট ডি-সি ) সাহায্যেই এই সেট ব্যবহার করা চলিবে। রিসিভারের ভিতরেই লাউডস্পিকার বসান আছে। ইহার আওয়াজ অতি মিষ্ট ও স্বাভাবিক। কলিকাতা হইতে ৫০ মাইল দূরে বসিয়া ঘরের ভিতর মাত্র ১৫ ফিট এরিয়াল খাটাইয়া আপনি কলিকাতা স্টেশনের অনুষ্ঠানগুলি উপভোগ করিতে পারিবেন। ঘরের বাহিরে এরিয়াল খাটাইয়া ৫০০ মাইল দূর পর্য্যন্ত শোনা যাইতে পারে। রিসিভারের গায়েই



স্থইচ লাগান আছে। ইচ্ছা-মত স্থইচ টিপিয়া সেট চালান বা বন্ধ করা যায়। ইহা দেখিতে অতি চমৎকার—এবং ইহা আপনার ঘরের শোভা বর্দ্ধন করিবে।

**মূল্য মাত্র ১৭৫৲**

কিনিবার খরচ ছাড়া ইহাতে আর কোন খরচ নাই। আজই এই সেট একটী কিনিয়া দেখুন।

আমাকে লিখিলেই বা ফোন করিলেই বিনা খরচায় আপনার বাড়ীতে গিয়া শুনাইয়া আসিব।

যে কোন প্রকারের সেট আমার কারখানায় মেরামত হয়।

রেডিও সেট সম্বন্ধে পরামর্শ আপনারা আমার নিকট সর্ব্বদাই পাইবেন।

## ডি, এন, জইকিম

## D. N. JOACHIM.

ন্যাশন্যাল রেডিও ইনিষ্টিটিউট, ওয়াশিংটন ডি-সি দ্বারা অনুমোদিত।

**Endorsed by the National Radio Iostitute, Washingtion D. C.**

ফোন—কলিকাতা ৪০৯২ ৫৮।এ।২, ফি স্কুল ষ্ট্রীট, কলিকাতা।

# বঙ্গনারীর কথা

আমার ভারত-বাসিনী ভগিনীগণ! আজ আমাদের ত্রিলোক-পূজ্য, আদর্শ-মাতা-পিতা, আদর্শ-পতি-পত্নী উমা এবং উমানাথকে ভক্তি-পূর্ণ-চিত্তে প্রণাম করিয়া কয়েকটী মর্ম্মের কথা আপনাদের নিকট বলিতে আসিয়াছি। আমার সম্পূর্ণ আশা আছে, আমার শিক্ষিতা উদারহৃদয়া ভগিনীগণ এই কথা কয়টীর সরল মর্ম্মার্থ সরলান্তঃকরণেই গ্রহণ করিবেন। এবং আমার অপটু হস্তের লিখিত ভাষার ত্রুটীও মার্জ্জনা করিয়া লইবেন।

আমাদের আজিকার আলোচ্য বিষয় সেই জ্যোতিঃশিরোমণি সর্ব্বত্যাগী সদানন্দ আদর্শ প্রেমিক সতীনাথ শঙ্কর। যে ত্রিধারায় প্রবাহিত পতিতপাবনী প্রেম ত্রিজগতের অস্তিত্ব ও আধার, জড়, অজড়, স্থূল, সূক্ষ্ম, সকল চরাচরই যে প্রেমে সততই আকৃষ্ট, দেবাদিদেব মহাদেব মৃত্যুঞ্জয়ের সেই প্রেমামৃত পানেই জগন্মাতা সতীও অমরত্ব লাভ করিয়াছিলেন। দক্ষযজ্ঞে সতী জীবের গতি প্রাণপতি পশুপতির নিন্দা আকর্ণন করিয়া আপনার দেহকে অপবিত্র স্থির করিলেন, এবং যজ্ঞস্থলেই সমাধিতে সমসীনা হইয়া সর্ব্বসমক্ষে তনুত্যাগ করিলেন। সর্ব্বত্র সমদর্শী সদানন্দ মহাদেবের যোগাধিগম্য পরমাত্মার পরম তত্ত্ব-জ্ঞান লাভে, মান, অপমান, শোক, দুঃখ বুদ্ধির অভাব হেতু তিনি সাধারণ রীতির বশবর্ত্তী না হইলেও, পতিনিন্দা শ্রবণে সতীর দেহত্যাগ মহাকালের কালস্বরূপ হইল। দক্ষ দর্প দলনার্থ দেবাদিদেবের ললাট ফলক ভেদ করিয়া রুদ্র-তেজ বিনির্গত হইতে লাগিল, জটা-কলাপ আকাশ মার্গে উন্নীত হইল, ত্রিলোক কাঁপিয়া উঠিল, ধরাতল রসাতলে যাইবার উপক্রম হইল। দক্ষযজ্ঞ নষ্ট করিয়া মহাদেব সতীর মৃতদেহ স্কন্ধে লইয়া ভীমরবে হুঙ্কার করিয়া ত্রিভুবন কাঁপাইয়া নৃত্য করিতে লাগিলেন। এই লীলার ইঙ্গিতে যে গূঢ় তত্ত্ব নিহিত আছে তদ্বিষয়ে প্রনিধান করিলেই বোধগম্য হইবে যে, মহাদেব জ্ঞান-স্বরূপ ঈশ্বর, সতী শক্তি, এবং প্রজাপতি দক্ষ গৃহাশ্রমী মনুষ্য। প্রজাপতি দক্ষেরও অহঙ্কার চূর্ণ হওয়ার আবশ্যকতা হইয়াছিল এবং প্রেমের অচ্ছেদ্য বন্ধনে সতীও আবার অবিলম্বে পার্ব্বতী-রূপে পৃথিবীতে অবতীর্ণা হইয়া হরের সহিত সম্মিলিতা হইলেন।

একদিন এই প্রিয় পতির বিরহ ক্লেশ সহ্য করিতে না পারিয়া ভারত-ললনাগণ হাসিতে-হাসিতে অগ্নিতে দেহ বিসর্জ্জন দিয়া পতির অনুগমন করিতেন। কোন্ প্রেমের অভাবে মানব হেলায় মৃত্যুকে জয় করে, মর্ত্তে স্বর্গ-সুখ ভোগ করে; সে প্রেমের মধুরতা আজ ভারতবাসী বুঝি ভুলিয়াই গিয়াছে। এই পাশ্চাত্য সভ্যতার যুগে সেই সর্ব্বত্যাগী বিভুতি-ভূষণ জটাজুটধারী মহাদেবকে পতিরূপে কল্পনা করিতেও বোধহয় ভারত-নারীর প্রাণ কাঁপিয়া উঠে। কারণ আমরা প্রেমকে পদদলিত করিয়া ভোগের চরণে আত্ম নিবেদন করিয়াছি। আমাদের বিলাসী ভোগাসক্ত মন তাহার পূজার অর্ঘ্য যোগাইবার উপযুক্ত সাথীই প্রার্থনা করিয়া লয়। অমৃতের বিনিময়ে বিষপান করিতেছি। প্রতি মুহূর্ত্তে জ্বালায় জর্জ্জরিত হইতেছি, মুক্তির সন্ধান পর্য্যন্ত করি না। আমরা আজ শূন্য ভিক্ষা পাত্র হাতে লইয়া এই আশায় দ্বারে দ্বারে ঘুরিয়া ফিরিয়া মরিতেছি, যদি কেহ দয়া করিয়া ভিক্ষা পাত্রটী পূর্ণ করিয়া দেন। তাহাতেই আমাদের চরম লাভ ও পরম সন্তোষ।

আমাদের আদর্শ-জননী গিরিরাজ কন্যা পার্ব্বতী সেই নিস্পৃহ সন্ন্যাসী পরম প্রেমিক শঙ্করকেই পতি মনোনীত করিয়া কঠোর তপস্যা করিয়াছিলেন। কারণ তপস্যালব্ধ বিশুদ্ধতা লাভ না করিলে মহাদেবকে পতি রূপে পাওয়া অসম্ভব। উমা প্রেমের বিশুদ্ধতার পরীক্ষায় পূর্ণ সাফল্যের অধিকারিণী হইলেন। তখন সেই মদন দহন-কারী মহা যোগেশ্বর পরম প্রেমিক শঙ্কর উমার বিশুদ্ধ প্রেমের নিকট বাঁধা পড়িলেন। উমা মহাদেবের হৃদয়ের ধন, নয়নের মনি, অঙ্কের লক্ষ্মী হইলেন। বিশুদ্ধ প্রেমের আকর্ষণে বিশুদ্ধ প্রেম-ধারা আসিয়া মিলিত হইল। এ মিলনের প্রারম্ভাবধি মনের চঞ্চলতা নাই, ভোগের আশঙ্কা নাই, বিচ্যুত হইবার আশঙ্কা নাই, হৃদয়ের নিস্ফলতার হাহাকার নাই। আছে শুধু আত্ম-নিবেদনের পরিপূর্ণ শান্তি। ভগিনী

গণ, জাগো! চক্ষু উন্মীলন করিয়া দেখ, কোন স্রোতে আমরা ভাসিয়া চলিয়াছি। বৃক্ষ সকল যখন পুষ্পিত হয়, অনুকূল জল বায়ু সহযোগেই তাহাতে উত্তম ফল ফলে নতুবা অকালেই ঝরিয়া নষ্ট হইয়া যায়। আবার জমীর উর্ব্বরতা ও পোষণ শক্তির অভাব শত চেষ্টাতেও বৃক্ষ পরিপুষ্ট ও পুষ্প প্রস্ফুটীতই হয় না। সতী এবং সীতা সর্ব্ব গুণালঙ্কৃতা ছিলেন বলিয়াই তাঁহারা যথাক্রমে শঙ্করকে এবং রামচন্দ্রকে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন। যোগ্যং যোগ্যেন যোজয়েৎ। তাঁহাদের ঐশ্বরিক প্রেমের কণা মাত্র যাঁহারা পান করিয়াছেন, তাঁহারা বিধি নিষেধের অনেক উপরে উঠিয়া গিয়াছেন, এই প্রেমই রক্ষা-কবচের মত সমস্ত প্রতিকূলতার মধ্যে প্রিয়জনকে রক্ষা করিতে সক্ষম।

ভারতের দীনা নারীগণ, আমার লাঞ্ছিতা আত্মসম্মানে বঞ্চিতা ভগিনীগণ! আবার তোমরা নূতন করিয়া শিবপূজা আরম্ভ কর। মৃন্ময় মূর্ত্তির মধ্যে সেই পরম প্রেমিক চিন্ময় দেবাদিদেবের আরাধনা কর। আর মনে মনে প্রার্থনা কর, হে অনাদি দেব জগৎপতি আবার তুমি এই ভারতে পতিরূপে পুরুষের হৃদয়ে অবতীর্ণ হও, নারীর মর্য্যাদা রক্ষা কর, পত্নীর মর্য্যাদা রক্ষা কর। যতদিন আমরা তোমার সেই প্রেমমূর্ত্তি না দেখিব ততদিন কুমারী থাকিয়া তোমার উপাসনায় কাল হরণ করিব। অতএব প্রাণপাত করিয়া পার্ব্বতীর মত তপস্যা আরম্ভ কর, কারণ শঙ্কর সদৃশ পতি লাভ করিতে হইলে সতীসদৃশা রমণী হওয়া চাই। প্রেমের মর্য্যাদা রক্ষা করিতে সেই প্রেমিক শিরোমণি দেব দেব জগৎপতিকে নিশ্চয়ই সমস্ত পুরুষের হৃদয়ে আবির্ভূত হইতেই হইবে। ক্ষেত্র উপযুক্ত হইলে প্রাকৃতিক নিয়মে উত্তম বীজ আসিতেই হইবে। ইতি—

বঙ্গনারী

# বেতার কি করিয়া উপভোগ্য হয়

যে কোন জিনিষই অতিরিক্ত ভাল লাগে না। প্রত্যহ যদি থিয়েটার দেখেন, বায়স্কোপ দেখেন, বড় বড় ওস্তাদের দিবারাত্র গান শোনেন তা হোলে এটা নিশ্চয় যে আপনাকে পাগল হোয়ে যেতে হবে। দিন রাত এক জিনিষ ভাল লাগে না, লাগ্‌তে পারে না তা যত ভাল হোক্। ময়রারা সন্দেশের দিকে নজর দেয় না কেন জানেন, প্রত্যহ তার গন্ধেই তাদের খাওয়ার শক্তি কমে যায় বোলে। তাই জন্যে স্তূপীকৃত মিষ্টান্নের মধ্যে বোসেও সে হয়ে থাকে নির্লোভী সাত্ত্বিক পুরুষটী।

আমরা যে-থিয়েটার দেখবার জন্যে লালায়িত হই, এক সেট্ যে-থিয়েটারের পাশ যোগাড় কোরতে পারলে আনন্দে লাফিয়ে উঠি সেই থিয়েটারের অভিনেতারা দু' একদিন ছুটির জন্যে ব্যাকুল হোয়ে ওঠে। তারা থিয়েটার থেকে পালাতে চায়। কারণ সেই একঘেয়েত্ব তাদের কাছে অসহ্য হোয়ে ওঠে।

রেলে চড়ে কাছাকাছি যেতে বেশ লাগে, কিন্তু চারদিন যখন আমরা ট্রেণে বোসে থাকি তখন কি রকমটা বোধ হয়? ভারী বিশ্রী লাগে। কারণ আগেই বোলেছি। অনেকে অভিযোগ করেন যে, বেতার এক-ঘেয়ে, ও শুনতে ভাল লাগে না। দু' একদিন গোড়ায় গোড়ায় বেশ charm থাকে, তারপরে থোড় বড়ি থাড়া মনে হয়। আগে অমুকবাবু বেশ গাইতেন এখন আর সে রকম মন দিয়ে গান-টান করেন না, প্রো-গ্রাম আগে বেশ হোতো এখন ইত্যাদি ইত্যাদি। তার মানে বেতার যখন সুলভ, শুনতে চাইলেই পাওয়া যায় অতএব ও কিছু নয়। কলের জলের দাম বোঝা যায় তখন, যখন মিটার বসে। বেতারের একটি গান শুনতে হোলে যদি চার আনা খরচা পড়তো তা হোলে তার খুবই সমাদর হোতো এবং বোধ হয় কস্মিনকালে একঘেয়েত্বের চার্জ্জে তাকে পড়তে হোত না। বিজ্ঞান যেমন আশ্চর্য্য আবিষ্কার কোরেছে তেমনি অনেক সূক্ষ্ম শিল্পকে লাঞ্ছিত করবারও পথও খুলে দিয়েছে। অত্যন্ত সুলভ কোরে সে আমাদের কাছে দুর্লভকে হাজির করে বলেই আমরা বড়কেও তুচ্ছ মনে করি।

বেতার যদি দিবারাত্র শুনতে আরম্ভ করেন তা হোলে তার সহস্র নতুনত্বও আপনার কাছে ভাল লাগবে না।

মানুষের ইন্দ্রিয়বোধের শক্তি কতটুকু। অবিরত শ্রবণেন্দ্রিয়কে যদি সুরের সাহায্যে ভারাক্রান্ত কোরে ফেলি তা হলে অতি অল্পকালের মধ্যেই শোনবার শক্তি পর্য্যন্ত নষ্ট হয়ে যাবে। ভাল জিনিষও খারাপ লাগবে। প্রত্যেক জিনিষ উপভোগ কর্ত্তে হোলে সংযম চাই তবে উপভোগ করবার শক্তি বাড়ে। ফুলকে চট্‌কে নাকের ভেতর পুরে যদি আমরা বোসে থাকি তা হোলে তাকে সে রকম ভাবে উপভোগ কোরতে পারবো কি? বেতার যন্ত্রটি যদি সকাল থেকে সন্ধ্যে পর্য্যন্ত যত রকমের প্রোগ্রাম হয় তাই শোনবার জন্যে খুলে বোসে শুনি তা হোলে কদিন তা ভাল লাগতে পারে—জোর মাসখানেক। বেতার অনুষ্ঠানকে যদি সত্যই উপভোগ কোরতে চান তা হোলে দিনরাত শুনবেন না, এইটুকু আমাদের বক্তব্য। এটা বলছি এইজন্যে যে বড় বড় গায়ক গায়িকাদেরও গলা আপনাদের কাছে অতি সাধারণ ঠেকে বলে। তাদের মর্য্যাদা বাড়বে যদি নিয়ম মত আপনারা তাঁদের বিশেষ বিশেষ গান শোনেন অপর বাজে গান বা গায়কদের বাদ দিয়ে। আমরা অবশ্য বাজে গায়ক বোলে কাউকে বোলতে পারিনা, তবে মানুষের রুচির পার্থক্য অনুসারে কোন কোন গায়ক গায়িকা'কে বাজে বোলে মনে হোতে পারে। যাকে আপনি মনে করেন অপদার্থ আমার হয়তো তাকে ভাল মনে হয়। দিনরাত প্রোগ্রাম হয় কেন জানেন? ধরুন প্রত্যেকের সব সময় শোনবার অবকাশ হয় না। কারুর বা সকালে, কারুর দ্বিপ্রহরে, কারুর বা সন্ধ্যায় অবসর হয়, সেইজন্যে সব সময়েই আমাদের বেতার বার্ত্তা প্রেরণ কোরতে হয়। যদি অনুষ্ঠান-পত্র দেখে বিশেষ দিনগুলি আপনাদের পছন্দ-মত দাগ দিয়ে রাখেন এবং শুধু সেই সেই দিনগুলি শোনেন তা হোলে দেখবেন বেতার আপনার কি রকম অদ্ভুত ভাবে ভাল লাগছে।

শুধু ১০৲ টাকা দিলেই আপনার বাটীতে

IRRI

৩ ভাল্‌ভযুক্ত মেন সেট



লাউড্‌স্পিকার সমেত এরিয়েল, তার ইত্যাদি দিয়ে ফিট করে দিয়ে আসিব। বাকী ১১০৲ টাকা মাসিক হিসাবে ১০৲ টাকা করে শোধ ক'রবেন। সমস্ত ইর্‌রি সেট ১২মাসের গ্যারাণ্টি।

ইণ্ডিয়ান রেডিও করপোরেশন

৫২।১।১ কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

ফোন বড়বাজার—৩৯৮৪

# EVER READY

# BATTERIES

**Are the**

# BEST BATTERIES

USE THE BEST

---

**THE EVER READY ( INDIA ) COMPANY**

5, GARSTIN PLACE, HARE STREET, CALCUTTA.

# অনুষ্ঠান-পত্র

## কলিকাতা ষ্টেশন

### ভারতীয় প্রোগ্রাম

( সর্ব্বস্বত্ব সংরক্ষিত )

—

## শুক্রবার, ১১ই এপ্রিল, ১৯৩০,

## ২৮শে চৈত্র, ১৩৩৬

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—দর্শন ও বিজ্ঞান

—

### বৈকালিক অনুষ্ঠান

—

৫॥টা ছোটদের বৈঠক

বক্তা—গল্পদাদা

—

কণ্ঠসঙ্গীত

৬-১০ কুমারী অন্নপূর্ণা গোস্বামী ( বাংলা )

কুমারী রেণুকা মিত্র ( বাংলা )

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

—

নাট্যরজনী

৮টা শ্রীযুত শ্রীশ চন্দ্র বসু বার এট-ল'র

সন্দিগ্ধা

( পুনরভিনয় )

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## শনিবার, ১২ই এপ্রিল, ১৯৩০,

## ২৯শে চৈত্র, ১৩৩৬

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯ ১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২।টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

### কণ্ঠসঙ্গীত

মিস্ আবীরাবালা ( বাংলা )

শ্রীহীরেন্দ্রকুমার বসু ( বাংলা )

মিস্ প্রফুল্লবালা ( বাংলা )

শ্রীউমাপদ ভট্টাচার্য্য ( বাংলা )

—

### বৈঠকী সঙ্গীত

৭-৪৫ শ্রীকালীপদ পাঠক

শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী

—

### কীর্ত্তন

৮-২৫ শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

—

### যন্ত্রসঙ্গীত

৮-৪০ ছোটে খাঁ ( সারেঙ্গী )

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## রবিবার, ১৩ই এপ্রিল, ১৯৩০

## ৩০শে চৈত্র, ১৩৩৬

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

### কণ্ঠসঙ্গীত

শ্রীপঙ্কজকুমার মল্লিক ( বাংলা )

শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য ( বাংলা )

মিস্ উষারাণী ( বাংলা )

—

### হাসির কথা

৯-৫ প্রোঃ এম, এম, মুখার্জ্জী ( বাণী বাবু )

—

### কণ্ঠসঙ্গীত

৯-২৫ মিস উষারাণী ( হিন্দী )

শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য ( হিন্দী )

—

### যন্ত্রসঙ্গীত

৯-৪৫—১০টা শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত ( স্বরোদ )

—

১১॥—১টা ইউরোপীয় প্রোগ্রাম

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

উপাসনা

( সেণ্ট এণ্ড্রুজ গির্জ্জা থেকে রিলে হবে )

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

—

ভারতীয় প্রোগ্রাম

—

কণ্ঠসঙ্গীত

৮টা শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায় ( বাংলা ও হিন্দী )

—

যন্ত্রসঙ্গীত

অরফিক ক্লাব কর্ত্তৃক ঐক্যতান বাদন

( মিঃ ডি, এন দাসের অধিনায়কত্বে )

—

পৌরাণিক কথকতা

৮-৪০ কথক—শ্রীগোপালচন্দ্র মিত্র

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## সোমবার, ১৪ই এপ্রিল, ১৯৩০

## ১লা বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—সাবিত্রী-চরিত

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা বেতার নাটুকে দল কর্ত্তৃক অভিনয়

শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়ের

হালখাতা

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সংবাদ-জ্ঞাপন,

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## মঙ্গলবার, ১৫ই এপ্রিল, ১৯৩০

২রা বৈশাখ, ১৩৩৭

### প্রাতঃকালীন অনুষ্ঠান

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন
গ্রামোফোন রেকর্ড

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

২—৩টা মহিলা মজলিস

বক্তা – শ্রীবিষ্ণু শর্ম্মা
বিষয়—আনাতোল ফ্রাঁসে

### বৈকালিক অনুষ্ঠান

৫॥—৬॥টা ছোটদের বৈঠক
বক্তা—গল্প দাদা

### সান্ধ্য-অনুষ্ঠান

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

(হিন্দী অনুষ্ঠান)
মহম্মদ হাদি
মিস আঙ্গুরবালা
আব্দুল আজিজ খাঁ
মিস্ রাজলক্ষ্মী
শ্রীকৃষ্ণচন্দ্র দে

যন্ত্রসঙ্গীত
৮-৪০ ছোটে খাঁ (সারেঙ্গী)

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,
বাজার দর, পাট ও গাঁনির দর

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

১০॥টা God Save the King Emperor
শেষ

## বুধবার ১৬ই এপ্রিল, ১৯৩০,

৩রা বৈশাখ, ১৩৩৭

### প্রাতঃকালীন অনুষ্ঠান

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন
গ্রামোফোন রেকর্ড

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—স্বপ্নতত্ত্ব

—

## সান্ধ্য-অনুষ্ঠান

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

শ্রীপঙ্কজকুমার মল্লিক( বাংলা )
মিস্ বীণাপাণি ( বাংলা
শ্রীকালীপদ পাঠক ( হিন্দী )
মিস্ উষারাণী ( বাংলা )
শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় ( বাংলা )
শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী (বাংলা )

—

### হাসির কথা

৯টা শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়

—

### কণ্ঠসঙ্গীত

৯-১৫ শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় ( হিন্দী )
মিস্ বীণাপাণি ( হিন্দী )
শ্রীকালীপদ পাঠক ( হিন্দী )
শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী ( হিন্দী )
মিস উষারাণী ( হিন্দী

—

### কীর্ত্তন

১০-৫ শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

—

### যন্ত্র-সঙ্গীত

১০-১৫ শ্রীঅশোককৃষ্ণ ঘোষ ( স্বরোদ )

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## বৃহস্পতিবার, ১০ই এপ্রিল, ১৯৩০

৪ঠা বৈশাখ, ১৩৩৭

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৩৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস্

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—ভাগবতের কথা

—

## সান্ধ্য-অনুষ্ঠান

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

পাঁচালী

শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়

—

কণ্ঠসঙ্গীত

৭-২০ শ্রীনারায়ণচন্দ্র দত্ত (বাংলা)

শ্রীহীরেন্দ্রকুমার বসু (বাংলা)

মিস্ নীহারবালা (বাংলা)

—

৮ ৫ শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায় (বাংলা ও হিন্দী)

মিস্ রাজলক্ষ্মী (বাংলা ও হিন্দী)

—

যন্ত্রসঙ্গীত

৮-৪৫ শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত (স্বরোদ)

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## শুক্রবার, ১৮ই এপ্রিল, ১৯৩০
## ৫ই বৈশাখ, ১৩৩৭

—

## বৈকালিক অনুষ্ঠান

—

৫॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ছোটদের বৈঠক

বক্তা—গল্প দাদা

—

কণ্ঠসঙ্গীত

৬-১০ কুমারী গীতারাণী মিত্র

কুমারী তিলোত্তমা সরকার

—


আপনি কলিকাতা সোপ ওয়ার্কসের




"কোরাল"

ট্রান্সপেরেণ্ট

গ্লিসারিন

সাবান

একখানি ব্যবহার করুন। আপনি নিজেই বুঝিতে পারিবেন যে কেন আমাদের এই সাবান লোকে এত বেশী পছন্দ করে।

কলিকাতা সোপ ওয়ার্কস্

'ক্যালসো' পার্ক বালিগঞ্জ

## সান্ধ্য-অনুষ্ঠান

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

( সেণ্ট জনের গির্জ্জা থেকে রিলে হবে )

( গুড্ ফ্রাইডের বিশেষ অনুষ্ঠান )

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

কথকতা

কথক—শ্রীঅমূল্য বিদ্যাভূষণ

—


রেডিও বা বেতার

সংক্রান্ত যাবতীয়

যন্ত্রাদি ও সরঞ্জাম

আমাদের নিকট সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়। ক্রীষ্ট্যাল সেট, মেন সেট ও নানা রকমের ব্যাটারী সেট সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। তাহা ছাড়া বেতার-গ্রাহক-যন্ত্রাদি মেরামতের সুবন্দোবস্ত আমরা করিয়া থাকি। পরীক্ষা প্রার্থনীয়।

কলিকাতা রেডিও কোম্পানী

২নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন :—কলিঃ ৫০৪২


কণ্ঠসঙ্গীত

৮-২৫ শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য ( বাংলা )

মিস্ নীহারবালা ( বাংলা )

—

কণ্ঠসঙ্গীত

( হিন্দী ও বাংলা )

৮-৪৫ শ্রীগোপালচন্দ্র সেনগুপ্ত

মিস্ আঙ্গুরবালা

শ্রীকৃষ্ণচন্দ্র দে

মিস্ বীণাপাণি

শ্রীকালীপদ পাঠক

—

হাসির গান

১০-৫ শ্রীনলিনীকান্ত সরকার

—

যন্ত্র-সঙ্গীত

১০-১৫ ছোটে খাঁ ( সারেঙ্গী )

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## শনিবার, ১৯শে এপ্রিল ১৯৩০

## ৬ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮ ৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১—২টা ইউরোপীয় গ্রামোকোন রেকর্ড

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা

বক্তা—পণ্ডিত চিন্তামণি

বিষয়—দক্ষিণ আফ্রিকার নব আবিস্কৃত মন্দির

—


# এক্সাইড

দীর্ঘকালস্থায়ী ব্যাটারী

বিশুদ্ধ বেতারবার্ত্তার জন্য ব্যবহার করুন।

Exide

The Long Life Battery




সকল রেডিও বিক্রেতার কাছে পাইবেন।

**F, & C. OSLER Ltd., Calcutta.**


কণ্ঠসঙ্গীত

৭-২০ মিস্ প্রফুল্লবলা (বাংলা)

শ্রীনারায়ণচন্দ্র দত্ত (বাংলা)

শ্রীহীরেন্দ্রকুমার বসু (বাংলা)

—

হাসির গান

৭-৫৫ প্রোঃ বিমলা দাসগুপ্ত

—

কণ্ঠসঙ্গীত

৮-১০ শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় (হিন্দী)

মিস উষারাণী (হিন্দী)

—

৮॥টা মিস্ উষারাণী (বাংলা

শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় (বাংলা)

—

যন্ত্রসঙ্গীত

৮-৫০ বাণীসঙ্ঘ কর্ত্তৃক ঐক্যতান বাদন

(জে, পি, ঘোষের অধিনায়কত্বে)

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## রবিবার, ২০শে এপ্রিল, ১৯৩০

## ৭ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

কণ্ঠসঙ্গীত

শ্রীউমাপদ ভট্টাচার্য্য ( বাংলা )

শ্রীহৃদয়রঞ্জন রায় ( বাংলা )

—

৮৭-৩৫ মিস্ আঙ্গুরবালা ( হিন্দী )

শ্রীহৃদয়রঞ্জন রায় ( হিন্দী )

শ্রীকৃষ্ণচন্দ্র দে ( হিন্দী )

—

৯-২৫ মিস আঙ্গুরবালা ( বাংলা )

শ্রীকৃষ্ণচন্দ্র দে ( বাংলা )

যন্ত্রসঙ্গীত

৯-৪৫—১০টা শ্রীবঙ্কিমচন্দ্র ঘোষ ( ক্ল্যারিওনেট )

—


ভারতের যে কোনো প্রান্তে বসে লণ্ডন, মস্কো বোম্বাই প্রভৃতি দেশের বেতার-বার্ত্তা শুনুন। আমাদের ৩ ভাল্ভ সংযুক্ত বেতার গ্রাহক-যন্ত্র বাজারের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। লাউড্স্পীকার ইত্যাদি সমস্ত সরঞ্জাম শুদ্ধ দাম—২১০৲ টাকা।



সস্তার ক্রিষ্টাল সেট—২০৲ টাকা হইতে উর্দ্ধে।

আমাদের এখানে ইউরোপীয় কারিগর দিয়ে সকল রকমের বেতার-যন্ত্র সুবিধায় মেরামত করান হয়। ক্যাটালগের জন্য পত্র লিখুন।

জি রজার্স এণ্ড কোং

২৩ নং লালবাজার ষ্ট্রীট কলিকাতা।

ফোন কলিঃ ৫৪৭৯ টেলি– Groger


১১॥—১টা ইউরোপীয় প্রোগ্রাম

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

উপাসনা

( সেণ্ট পলের গির্জ্জা থেকে রিলে হবে )

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা

বক্তা—শ্রীপ্রেমাঙ্কুর আতর্থী

বিষয়—অজন্তার কথা

—

কণ্ঠসঙ্গীত

কুমারী সুনীলা বসু ( বাংলা )

কুমারী পুষ্পরাণী চট্টোপাধ্যায় ( বাংলা )

শ্রীপঙ্কজকুমার মল্লিক ( বাংলা )

কুমারী সুধীরা দাসগুপ্তা ( বাংলা )

শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায় (গান ও হাসির কথা )

কুমারী সাধনা দেবী ( বাংলা ও হিন্দী )

শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায় ( বাংলা ও হিন্দী )

শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী ( বাংলা ও হিন্দী )

—

যন্ত্রসঙ্গীত

শ্রীগোপালচন্দ্র গিরি ( সেতার )

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## সোমবার, ২১শে এপ্রিল, ১৯৩০,

## ৮ই বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়— দেশ বিদেশের কথা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

বেতার নাটুকে দল কর্ত্তৃক অভিনয়

শ্রীযুক্ত অসমঞ্জ মুখোপাধ্যায়ের

জমা খরচ

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emporer

শেষ

—

## মঙ্গলবার, ২২শে এপ্রিল, ১৯৩০,

## ৯ই বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা —শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—পৌরাণিক উপকথা

—

## বৈকালিক অনুষ্ঠান

—

৫॥—৬॥টা ছোটদের বৈঠক

বক্তা—গল্প দাদা

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

( হিন্দী অনুষ্ঠান )

কণ্ঠসঙ্গীত

মিস্ রাজলক্ষ্মী

মহম্মদ হাদি

মিস আঙ্গুরবালা

শ্রীকৃষ্ণচন্দ্র দে

মিস উষারাণী

—

যন্ত্র-সঙ্গীত

৮-৪০ শ্রীসিদ্ধেশ্বরচন্দ্র দাস ( হারমোনিয়াম )

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

# বুধবার, ২৩শে এপ্রিল, ১৯৩০

## ১০ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—চরিত্র

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

কণ্ঠসঙ্গীত

মিস প্রফুল্লবালা ( বাংলা )

শ্রীহৃদয়রঞ্জন রায় ( বাংলা )

—

বৈঠকী সঙ্গীত

৮-৩৫ মিস্ বীণাপাণি
শ্রীকালীপন পাঠক
শ্রীশচীন্দ্রকুমার চক্রবর্ত্তী

—

৯॥টা বেতার নাটুকে দল কর্ত্তৃক অভিনয়
নির্ব্বাচিত দৃশ্য হইতে

—

১০॥টা God Save the King Emperor.
শেষ

—

## বৃহস্পতিবার, ২৪শে এপ্রিল, ১৯৩০, ১১ই বৈশাখ, ১৩৩৭

—

প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন
গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা – শ্রীবিষ্ণু শর্ম্মা
বিষয় – গল্প

—

সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

পাঁচালী
বক্তা—শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়

—

কণ্ঠসঙ্গীত

৭-২০ শ্রীনারায়ণচন্দ্র দত্ত (বাংলা)
মিস্ নীহারবালা (বাংলা)

—

বৈঠকী সঙ্গীত

৭-৪৫ শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায়
শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী
মিস রাজলক্ষ্মী

—

যন্ত্রসঙ্গীত

৮-৪৫ শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত (স্বরোদ)

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা God Save the King Emperor
শেষ

—

# ইষ্ট এণ্ড ওয়েষ্ট থ্রী




ভারতের যে কোন স্থান হ'তে ইষ্টার্ণ অর্থাৎ ব্যান্‌কক্, বোম্বে, ক'ল্‌কাতা ইত্যাদি অথবা ওয়েষ্টার্ণ অর্থাৎ বিলাত, আম্‌ষ্টার্ডাম ইত্যাদির গান বাজনা শোন্‌বার জন্য অর্থাৎ ৪টী কয়েল ব্যাটারি স্পীকার আদি সর্ব্বসমেত মূল্য ১৯৭৲ একশো সাতানব্বই টাকা।

অন্যান্য সকল প্রকার সেট এখানে সব সময় পাওয়া যায় এবং আমরা সকল প্রকার সেট সুবিধা দরে মেরামত করিয়া থাকি। পরীক্ষা প্রার্থনীয়।

## রেডিওফোন সিণ্ডিকেট

৫৭-৫৯, এভিনিউ, কলিকাতা।

TO.LET

REGTD. No C. 1795.


# আর, এস, এস, মেন সেট



আপনার ঘরে যে ইলেক্‌ট্রিক সকেট ( **socket** আছে তাহাতে এই সেটের প্লাগটী লাগাইয়া দিলেই ঝন্ ঝন্ করিয়া বেতার গান আসিয়া পড়িবে। আর কিছু করিতে হইবে না। এই সেটে খরচ প্রতিদিন একপয়সা মাত্র।

মেন সেট আজকাল বাজারে নানা আকারে নানাপ্রকার মূল্যে দেখিতেছেন কিন্তু আমরাই এদেশে মেন সেটের প্রথম নির্ম্মাতা এবং আজ পর্য্যন্ত কোন মেন সেট আমাদের এই আদি 'আর, এস, এস, মেন সেটে'র সমকক্ষ হইতে পারে নাই। 'আর, এস, এস, মেন সেট' সুদক্ষ ও দীর্ঘ-কালের অভিজ্ঞতা সম্পন্ন ইঞ্জিনিয়ার দ্বারা জগতের সর্ব্বোৎকৃষ্ট **compo-nents** দিয়া তৈয়ারী হয়।

**OUTDOOR AERIAL MODEL**

এই সেটের জন্য ছাদের উপর এরিয়াল খাটাইতে হয়।

লাউডস্পীকার, এরিয়াল, তার ইত্যাদি সহ দাম—১২৫৲ টাকা।

**FRAME AERIAL MODEL**

ইহার জন্য ছাদের এরিয়্যালে প্রয়োজন নাই।

লাউডস্পীকার, ফ্রেম, এরিয়্যাল ইত্যাদি সহ দাম ১৭৫৲ টাকা।

অন্য মেন সেট কিনিবার পূর্ব্বে 'আর, এস, এস, মেন সেট' শুনিয়া যান—অথবা বাড়ীতে শুনাইবার জন্য পত্র লিখুন।

## রেডিও সাপ্লাই ষ্টোরস

ভারতের সর্ব্বাপেক্ষা আদি ও প্রধান রেডিও সেট ও সরঞ্জাম বিক্রেতা

৯নং ডালহাউসী স্কোয়ার, কলিকাতা


Printed and Published by S, C. Bhoumik, at the Kantik Press, 44, Kailash Bose Street, Calcutta, Edited by N, Mozoomder. 1, Garstin Place, Calcutta.